দৈনিক জনকণ্ঠ

তারিখ: 07 JAN 2016
পৃষ্ঠা: ১৪ কলাম: ১

# যশোরে স্কুলে ভর্তিতে বাড়তি ফি ॥ বিপাকে অভিভাবক

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** সরকারী নির্দেশনা ছাড়াই যশোরের অধিকাংশ স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়েছে। শ্রেণীপ্রতি বাড়ানো হয়েছে ৫শ' টাকা থেকে এক হাজার টাকা পর্যন্ত। এতে সন্তানকে স্কুলে ভর্তি করতে অভিভাবকরা পড়ছেন বিপাকে।

খোঁজ নিয়ে জানা গেছে, যশোর নিউটাউন বাদশাহ ফয়সল স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়েছে ৬শ' টাকা। ১ হাজার ২শ' টাকার স্থলে করা হয়েছে ১ হাজার ৮শ' টাকা। যশোর ঈদগাহ বাদশাহ ফয়সল স্কুলে ভর্তি ফি ৫শ' টাকা বাড়িয়ে ১ হাজার ৯৬০ টাকা করা হয়েছে। আব্দুস সামাদ মেমোরিয়াল একাডেমি ১শ' টাকা বাড়িয়ে ভর্তি ফি করা হয়েছে ১ হাজার ৯৬০ টাকা। পুলিশ লাইন স্কুলে তৃতীয় শ্রেণী থেকে ৫ম শ্রেণীতে ভর্তি ফি করা হয়েছে ৬ হাজার ১৮০ টাকা। ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ভর্তি ফি করা হয়েছে ৬ হাজার ২৮০ টাকা। এ স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়েছে ৫শ' টাকা থেকে ৭শ' টাকা। পুলিশ লাইন স্কুলের প্রধান শিক্ষক আব্দুল আজিজ বলেন, এমপিওভুক্ত শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হয়েছে। তাদের বেতনের সমপরিমাণ নন-এমপিও শিক্ষকদের বেতন দেয়ার লক্ষ্যে স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়েছে।

ঈদগাহ বাদশাহ ফয়সল স্কুলের প্রধান শিক্ষক নজিবর রহমান বলেন, বর্তমান সময় সবকিছুর দাম বেড়েছে। তাই স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়েছে। একই কথা জানান নিউটাউন বাদশাহ ফয়সল স্কুলের প্রধান শিক্ষক আছাহাবুল গাজী। তবে ভর্তি ফি বাড়ানো হয়নি বলে জানান মুসলিম একাডেমি স্কুলের প্রধান শিক্ষক জোহর আলী। তিনি জানান, অনেক আগেই স্কুলে ভর্তি ফি নির্ধারণ করা হয় ১ হাজার ৮৩৫ টাকা। গরিব মেধাবী শিক্ষার্থীদের সুযোগ সুবিধা দেয়া হয়ে থাকে। একই কথা জানান মিউনিসিপ্যাল প্রিপারেটরি স্কুলের প্রধান শিক্ষক আব্দুস সবুর। তিনি জানান, তার স্কুলে ভর্তি ফি বাড়ানো হয়নি। ভর্তির ক্ষেত্রে পূর্বের নির্ধারিত ফি ১ হাজার ৮শ' টাকা নেয়া হচ্ছে। এ ব্যাপারে যশোর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাসির উদ্দীন জানান, নীতিমালার বাইরে কোন স্কুল ভর্তি ফি বাড়ালে ব্যবস্থা নেয়া হবে।